

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 অর্থ মন্ত্রণালয়
 অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
 (কাস্টমস)
 প্রজ্ঞাপন

তারিখ, ১৭ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২১৪-আইন/২০১৫/৫১/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 219 এর sub-section (1), section 13 এবং Chapter XI এর সাথে পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নম্বর আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১৭ এর অধীন বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক প্রতিষ্ঠিত হাই-টেক পার্কে স্থাপিত শিল্প কারখানার আমদানি ও রপ্তানির কাস্টমস বিষয়ক কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে নিম্নরূপ বিধি প্রণয়ন করিল, যথা :-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।-** (১) এই বিধিমালা বাংলাদেশ হাই-টেক পার্ক ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) বিধিমালা, ২০১৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা বাংলাদেশ হাই-টেক পার্ক আইন, ২০১০ এর ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত হাই-টেক পার্কে প্রয়োগ করা হইবে।

২। উক্ত আইনের বিধান অনুসারে হাই-টেক পার্কে প্রতিষ্ঠিত প্রতিটি হাই-টেক পার্ক একটি ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) হিসাবে বিবেচিত হইবে।

৩। হাই-টেক পার্কে স্থাপিত শিল্প কারখানা উহার পণ্য উৎপাদনে ব্যবহার্য কাঁচামাল বা উপকরণ আমদানির সময় প্রযোজ্য আমদানি শুল্ক, সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর পরিশোধ না করিয়া বন্ড ব্যবস্থায় আমদানি করিতে পারিবে।

৪। কোন শিল্প কারখানা কর্তৃক উৎপাদিত পণ্য হাই-টেক পার্ক এর বাহিরে দেশের অভ্যন্তরে ভোগের (Home Consumption) জন্য বিক্রয় বা হস্তান্তর করিলে উহা আমদানি হিসাবে বিবেচিত হইবে এবং উক্ত পণ্যের উপর প্রযোজ্য যাবতীয় গুণ্ধ-কর আরোপিত হইবে :

তবে শর্ত থাকে যে, শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত পরিমাণের অতিরিক্ত উৎপাদিত পণ্য দেশের অভ্যন্তরে ভোগের জন্য বিক্রয় করিতে পারিবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(মোঃ নজিবুর রহমান)
সচিব।